

২০২২
বাংলা
 (প্রোগ্রাম)
 (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্ক্রম)
চতুর্থ সেমেষ্টার
কোর্স কোড : BNG-G-CC-T-4
 (বাংলা উপন্যাস, নাটক ও প্রবন্ধ)

পূর্ণমান : ৬০

সময় : $2\frac{1}{2}$ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

[A4 কাগজের ১০-১২ পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করা বাঞ্ছনীয়।]

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$
- ক) ‘আমি তোমায় অলঙ্কার দিব, তুমি পরিবে। তুমি বিষয় দান করিবে, আমি যোগ করিব-এ সম্ভব নহে’ — কথাটি কে, কাকে বলেছিল?
- খ) ‘আমি পাপ পুণ্য মানি না— কোন্ত পাপে আমার এই দণ্ড?’ —বক্তা কে? বক্তার পাপটি কী?
- গ) ‘ডাকঘর’ নাটকের অপ্রধান চরিত্রগুলির নাম কী?
- ঘ) ‘আমি যদি কাঠবিড়ালি হতুম বেশ হত’— উক্তিটি কার? কাকে বলেছে?

(পরের পাতায়)

- ঙ) “যদিও পটুয়া ছবির দুটো বৈশিষ্ট্য রয়েছে” — পটুয়া ছবির বৈশিষ্ট্য দুটি কী কী বলে লেখক জানিয়েছেন?
- চ) ‘বাংলা সাহিত্যে প্রগতি’ প্রবন্ধটি কবে কোন্ প্রকাশনী সংস্থা থেকে বের হয়?
- ছ) ‘বাংলা সাহিত্যে প্রগতি’ প্রবন্ধটি কোন্ গ্রন্থ থেকে সংকলিত হয়েছে?
- জ) ‘বিবেচনা ও অবিবেচনা’ প্রবন্ধটি কোন্ প্রবন্ধ গ্রন্থের অন্তর্গত?
- ঝ) “এ রোগের চিকিৎসা নাই আমার মুক্তি নাই” — রোগটি কী?
- ঞ) কৃষ্ণকান্ত রায়ের বাড়ি কোথায় ছিল?
- ট) রবীন্দ্রনাথ রচিত ‘ডাকঘর’ নাটকটি কোন্ শ্রেণীর নাটক?
- ঠ) মাধব দত্তের সঙ্গে অঘলের সম্পর্ক কী?
- ড) ‘বিবেচনা ও অবিবেচনা’ প্রবন্ধটি কোন্ প্রবন্ধ গ্রন্থের অন্তর্গত?
- ঢ) ‘এ কালের প্রবন্ধ সংগ্রহণ’ গ্রন্থটি কত খ্রিস্টাব্দে কোথা থেকে প্রকাশিত হয়?
- ণ) ‘বাংলা সাহিত্যে প্রগতি’ প্রবন্ধটি কোন্ গ্রন্থ থেকে সংকলিত হয়েছে?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 8 = 40$

- ক) ‘কৃষকান্তের উইল’ উপন্যাসে জমিদারদের চরিত্রের পাশাপাশি অন্ত্যজ শ্রেণীর মানুষের চরিত্রও সুন্দরভাবে ফুটে উঠেছে— আলোচনা করো।
- খ) গৃহবন্দী অসুস্থ অমলকে বাইরের কোন্ কোন্ ঘটনা ও দৃশ্য তাকে মুক্তজীবনের দিকে আকর্ষণ করত তা ডাকঘর নাটক অবলম্বনে লেখো।
- গ) “পৃথিবীর সমস্ত বড়ো বড়ো সভ্যতাই দুঃসাহসের সৃষ্টি”— ‘বিবেচনা ও অবিবেচনা’ প্রবন্ধানুসারে মন্তব্যটির বিচার করো।
- ঘ) বাংলা সাহিত্যের প্রগতিতে লোকসংস্কৃতির অবদান সংক্ষেপে বুঝিয়ে দাও।
- ঙ) “শিল্পের জগতে পৌরাণিক সত্যের প্রতি বিশ্বাস গুরুত্বপূর্ণ”— আলোচনা করো।
- চ) ‘ডাকঘর’ নাটকে সুধার চরিত্র বুঝিয়ে দাও।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$

- ক) ‘কৃষকান্তের উইল’ উপন্যাসের গোবিন্দলালের চারিত্রিক বৈশিষ্ট্য আলোচনা করো।
- খ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত ‘ডাকঘর’ রূপক না সাক্ষেতিক নাটক? এ বিষয়ে তোমার অভিমত দাও।
- গ) ‘পট’ শব্দটির অর্থ কী? বাংলাদেশের পটুয়া শিল্পের সংক্ষিপ্ত পরিচয় দাও।

ঘ) ‘কৃষকান্তের উইল’ উপন্যাসে মনস্তাত্ত্বিক দিক কতটা ধরা পড়েছে আলোচনা করো।
